

Visit of Vice President of India to Cambodia (11-13

November 2022)

November 13, 2022

ভারতের উপরাষ্ট্রপতির কম্বোডিয়া সফর (11-13 নভেম্বর 2022)

নভেম্বর 13, 2022

ভারতের সম্মানীয় উপ রাষ্ট্রপতি শ্রী জগদীপ ধনকর 11 থেকে 13ই ডিসেম্বর 2022 তারিখে একটি ফলপ্রসূ এবং সফল কম্বোডিয়া সফর করেছেন। সফরকালে 12ই নভেম্বর 2022 তারিখে তিনি আসিয়ান-ভারত স্মারক শীর্ষসম্মেলনে অংশগ্রহণ করেছেন। 2022 সালটি আসিয়ান-ভারত সম্পর্কের 30 তম বছর এবং আসিয়ান-ভারত কূটনৈতিক সম্পর্কের 10 বছর পূর্তি বৎসর হিসেবে চিহ্নিত। আসিয়ান-ভারত সম্পর্কের ব্যাপক কৌশলগত অংশীদারিত্ব বৃদ্ধি পাওয়ার কারণে শীর্ষসম্মেলনটি ঐতিহাসিক। ব্যাপক কৌশলগত অংশীদারিত্বের উপাদানগুলিকে বিশদভাবে ব্যাখ্যা করে একটি যৌথ বিবৃতি প্রকাশ করা হয়েছে।

2. 13ই নভেম্বর 2022 তারিখে সম্মানীয় উপ রাষ্ট্রপতি 17 তম পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনেও অংশগ্রহণ করেছেন। সম্মেলন চলাকালীন তিনি অঞ্চলে প্রধান নেতৃত্বের নেতৃত্বে ইএএস-র গুরুত্বকে বিশেষভাবে উল্লেখ করেছেন এবং এটিকে আরো উপযোগী, স্থিতিস্থাপক এবং গতিশীল করার জন্য একে আরও শক্তিশালী করার উপরে জোর আরোপ করেছেন। তিনি সাধীন, উন্মুক্ত, ব্যাপক এবং জলপথ ও আকাশপথে চলাচলের স্বাধীনতাসহ নিয়ম-ভিত্তিক ইন্দো-প্যাসিফিক হিসেবে উন্নীত করার জন্য ইএএস-কে একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসেবে বিশেষভাবে উল্লেখ করেছেন। ইন্দো-প্যাসিফিকে আসিয়ান কেন্দ্রিকতার প্রতি ভারতের অঙ্গীকারকে পুনরায় উল্লেখ করে, তিনি আইওপি-র সাথে আইপিওআই-এর কেন্দ্রাভিমুখিতা তৈরি করে একটি বৃহত্তর সহযোগিতার আহ্বান করেন এবং তিনি সামুদ্রিক সুরক্ষা, এইচএআরডি এবং সামুদ্রিক সম্পদের স্থিতিশীল বিকাশে ইএএস-কে এগিয়ে নিয়ে যাবার জন্য ভারতের কর্মকান্ডকে বিশেষভাবে উল্লেখ করেন। সম্মানীয় উপ রাষ্ট্রপতি ইএএস এবং ইন্দো-প্যাসিফিক ছাপিয়ে যাওয়া ক্রমবর্ধমান খাদ্য ও শক্তি সুরক্ষার উপরে রেখাপাত করেছেন এবং 2023 সালে আন্তর্জাতিক বাজরা বছরে ইএএস সদস্যদের পুরো মাত্রায় অবদান রাখার জন্য আহ্বান জানিয়েছেন।

3. সফরকালে, সম্মানীয় উপরাষ্ট্রপতি কম্বোডিয়ার রাজা, রাষ্ট্রপতি এবং সেনেটের সভাপতির সাথেও বৈঠক করেছেন। সবকটি বৈঠকে কম্বোডিয়ার নেতৃত্ব তাদের কঠিন সময়ে তাদের দেশের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দেবার জন্য ভারতের প্রশংসা করেছেন।

4. সম্মানীয় উপরাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী হানসেন-এর উপস্থিতিতে সংস্কৃতি, জীববৈচিত্র্য ও স্বাস্থ্য ক্ষেত্রে সহযোগিতা সম্পর্কিত তিনটি মৌ এবং একটি আর্থিক ব্যবস্থার বিনিময় করা হয়েছে।

5. সম্মানীয় উপরাষ্ট্রপতি কম্বোডিয়ার তিনটি জেলা এবং একটি কমিউনের নিষ্ক্রিয়করণের জন্য

426,000 মার্কিন ডলার সহযোগিতার কথা ঘোষণা করেছেন এবং কম্বোডিয়ার জন্য আইটিইসি স্লট 200 থেকে 250তে ও আইসিসিআর বৃত্তি 30 থেকে 60-এ বৃদ্ধি করার কথা ঘোষণা করেছেন।

6. সম্মেলনের ফাঁকে সম্মানীয় উপরাষ্ট্রপতি ভিয়েতনামের প্রধান মন্ত্রীর সাথেও সাক্ষাৎ করেছেন এবং দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বিষয়গুলি নিয়ে আলোচনা করেছেন।

7. সম্মানীয় উপরাষ্ট্রপতি তা প্রোম মন্দিরের ঐতিহ্যবাহী স্থান এবং সিয়েম রিপের অঙ্কোর ভাট মন্দির ভ্রমণ করেছেন এবং ভারতের আর্কিওলজিক্যাল সার্ভে দ্বারা এইসব ঐতিহ্যবাহী স্থান গুলির পুনরুদ্ধার ও সংরক্ষণ কাজের পরিদর্শন করেছেন।

8. তিনি তা প্রোম মন্দিরের নাচ ঘরের উদ্বোধন করেছেন । তা প্রোম -এর সংরক্ষণ এবং পুনরুদ্ধারের কাজটি আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া এবং অম্পরা (অথোরিটি ফর দ্য প্রোটেকশন অ্যান্ড ম্যানেজমেন্ট অব অঙ্কোর অ্যান্ড দ্য রিজিয়ন অব সিয়েম রিপ)-এর যৌথ অংশীদারি প্রকল্প এবং এই কাজটি 2011 সাল থেকে জারি রয়েছে। বর্তমানে ভারত পুনরুদ্ধার এবং সংরক্ষণের তৃতীয় ফেজের কাজটি হাতে নিয়েছে।

9. অঙ্কোর ভাট মন্দির ভবনটি ইউনেস্কোর একটি হেরিটেজ স্থল। কম্বোডিয়ার সমসাময়িক ইতিহাসের অন্যতম সবচেয়ে কঠিন সময়ের মধ্যে ভারত 1986-1993 সাল পর্যন্ত মোট 4 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে অঙ্কোর ভাট মন্দিরের পুনরুদ্ধার ও সংরক্ষণের উদ্যোগ নিয়েছে।

10. সম্মানীয় উপরাষ্ট্রপতির সফরটি আসিয়ান সদস্য দেশগুলির সঙ্গে, বিশেষতঃ কম্বোডিয়ার সাথে আমাদের ঘনিষ্ঠ সম্পর্ককে পুনরায় নিশ্চিত করতে সাহায্য করেছে।

নম পেন

নভেম্বর 13, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.